

উইনিং

২০৮
বাংলা দ্বিতীয় পত্র
বিষয় কোড: 102
সময় ৩ ঘণ্টা
পূর্ণমান-১০০

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।
১। (ক) উদাহরণসহ ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো :

ব্যতীত, সন্ধ্যা, দক্ষ, মৃন্ময়, শাস্ত্রত, কন্যা, যুগ্ম, অজ্ঞান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:

আকাংখা, শান্তনা, কৃচ্ছতা, সমিচীন, ভীষন, নুন্যতম, শ্রেণী, টুর্নামেন্ট।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ করো।

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদের নিম্নরেখ পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ করো:

বাড়িতে সেদিন কুটুম এসেছিল, সঙ্গে এসেছিল এক গাদা রসগোল্লা আর সন্দেশ। প্রকাশ্য ভাগটা প্রকাশ্যে খেয়ে ভাঁড়ার ঘরে গোপন ভাগটা মুখে পুরে চলেছি, কোথা থেকে সে এসে খপ করে হাত ধরে ফেলল। রাগ করে মুখের দিকে তাকাতে সে এমন ভাবে হাসল যে লজ্জা পেলাম।

৪। (ক) "উপসর্গের স্বাধীন কোনো অর্থ নেই, কিন্তু অর্থ-দ্যোতকতা আছে।" ব্যাখ্যা করো।

অথবা,

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি):

দম্পতি, আয়কর, মুখচন্দ্র, প্রবচন, তেপান্তর, অকালপক্ষ, যথারীতি, দোমনা।

৫। (ক) সার্থক বাক্যের কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যিক? আলোচনা করো।

অথবা,

(খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যে কোনো পাঁচটি বাক্যসূত্র করো :

- (i) তাহার মন একবারে কাঠ হইয়া গেল। (নেতিবাচক)
- (ii) যদি পড়াশোনা না কর, তাহলে ভবিষ্যৎ অন্ধকার। (যৌগিক)
- (iii) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
- (iv) মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। (অস্তিবাচক)
- (v) ভার আভাস পেতাম কিন্তু নাগাল পেতাম না। (জটিল)
- (vi) যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়ে অধম। (সরল)
- (vii) গভর্নমেন্ট বাড়িটা রিকুইজিশন করেছে। (প্রশ্নবাচক)
- (viii) আমাদের দেশ সুন্দরভাবে এগিয়ে যাচ্ছে। (বিস্ময়বোধক)

৬। (ক) যে কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো:

- (i) কীর্তিবাস বাংলার রামায়ণ লিখেছেন।
- (ii) আপনি স্ববাক্যে আমন্ত্রিত।
- (iii) কারো আভ্যন্তরীণ ব্যাপারে যথা বলা উচিত নয়।
- (iv) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাবো।
- (v) মিমাসিত বিষয়ে বিরোধিতা করা উচিত নয়।
- (vi) সে এ মামলায় সাক্ষী দিয়েছে।
- (vii) শুধুমাত্র পায়ের জোয়ে কাজ হয় না।
- (viii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো :

কক্সবাজারের দীর্ঘতম সমুদ্র সৈফত অত্যন্ত মনমুগ্ধকর। আমরা সকল বন্ধুরা মিলে সেখানে গিয়েছিলাম। সমুদ্র সৈকতের তীরে সূর্যাস্ত দেখে অভিভূত হয়েছি। এর সৌন্দর্যতা উপভোগ করে বুঝিতে পারলাম যে কক্সবাজার প্রকৃত অর্থেই বিশ্ব ঐতিহ্যের অংশ।

৭। (ক) যে কোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ :

Prefix, Notice board, Dialect, Agenda, Editor, Humanity, Basic-pay, Justice, Catalogue, Memorandum, Penal Code, Octave. Refugee, Deed of gift, Public works.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Trees help us in different ways. It gives us shade, food, fuel, medicine and Oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation program successful.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্যাপনের উপর একটি সিনলিপি প্রস্তুত করো।

অথবা,

(খ) তোমার কলেজের ছাত্রাবাস সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

৯। (ক) সম্প্রতি তোমার পড়া কোনো বই সম্পর্কে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখো।

অথবা,

(খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিস সহকারী' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা করো।

১০। (ক) সারাংশ লেখো:

স্বাধীন হবার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্য প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতার। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক, তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহুবিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষও জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ করো:

দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

১১। (ক) ফেসবুকের অতিরিক্ত ব্যবহারের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

অথবা,

(খ) নিচের শিরোনাম অনুসারে একটি খুদে গল্প লেখো।

'নানা রঙের দিনগুলি'

১২। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:

(ক) স্বদেশপ্রেম

(খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ

(গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য

(ঙ) যুদ্ধ নয় শান্তি।